দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN 9 1999
পৃষ্ঠা ৩ কলাম ৬

196

১৪ দফা বাস্তবায়ন দাবী

# প্রধানমন্ত্রীর সচিবালয়ে বাংলাদেশ শিক্ষক সমিতির স্মারকলিপি পেশ

**প্রেস বিজ্ঞপ্তি :** গত সোমবার বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব মোঃ সেলিম ভূঁইয়া ও সিনিয়র সহ-সভাপতি মোঃ শহীদুল্লাহর নেতৃত্বে ৬ সদস্যের প্রতিনিধি দল বাংলাদেশ শিক্ষক সমিতির ১৪ দফা দাবী সম্বলিত স্মারকলিপি প্রধানমন্ত্রীর সচিবালয়ে পরিচালক প্রশাসনের নিকট প্রদান করেন। স্মারকলিপি প্রদানের পূর্বে সকাল সাড়ে ৯টা থেকে ঢাকা মহানগর ও ঢাকা জেলার বিভিন্ন জেলা ও থানা থেকে হাজার হাজার শিক্ষক-শিক্ষিকা মিছিল সহকারে জাতীয় প্রেসক্লাবের সম্মুখে সমবেত হন।

এখানে বক্তৃতাকালে বক্তারা প্রধানমন্ত্রীকে ১৯৯৪ সালের শিক্ষক আন্দোলনকালে তার দেয়া প্রতিশ্রুতি বাস্তবায়নের আহবান জানান। তিনি বেসরকারী শিক্ষক/কর্মচারীদের চাকরি জাতীয়করণের লক্ষ্যে অবিলম্বে মূল বেতনের ১০০% প্রদান, কুখ্যাত জনবল কাঠামো বাতিল, প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষকদের পরবর্তী স্কেল প্রদান, বাড়ী ভাড়া বৃদ্ধি, উৎসব ভাতা প্রদানসহ সমিতির ১৪ দফা বাস্তবায়নের দাবী জানান। আগামী ২৪ জুন বাংলাদেশের প্রত্যেক থানায় থানা নির্বাহী অফিসার ও প্রত্যেক জেলায় জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি প্রদানের জন্য তিনি স্থানীয় শিক্ষক নেতৃবৃন্দের প্রতি আহবান জানান। ৩০ জুনের মধ্যে সমিতির ১৪ দফা দাবী বাস্তবায়িত না হলে একদফা 'চাকরি জাতীয়করণের' আন্দোলনের বৃহত্তর কর্মসূচী দেয়া হবে বলে মহাসচিব উল্লেখ করেন। তাছাড়া তিনি জেলা শিক্ষা অফিস, বোর্ড অফিস ও শিক্ষা অধিদফতরে শিক্ষকদের হয়রানি বন্ধ করার দাবী জানান।

সিনিয়র সহ-সভাপতি মোঃ শহীদুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে কেন্দ্রীয় মহাসচিব মোঃ সেলিম ভূঁইয়া, মোঃ আলী, ইয়াকুব আলী, শহীদউল্লাহ, আঃ সামাদ, শেখ আঃ সালাম, বাবু সরকার পতিতোষ, মিসেস নাজমা আহমেদ, মজিবুর, আঃ খালেক, নবেন্দু বিকাশ মজুমদার, গাজী মাহবুব প্রমুখ বক্তব্য রাখেন।